সমকাল

তারিখ 5 JAN 2017

# স্কুল ক্রিকেট শুরু আজ

■ ক্রীড়া প্রতিবেদক

আজ থেকে সারাদেশে একযোগে শুরু হচ্ছে প্রাইম ব্যাংক ইয়ং টাইগার্স ন্যাশনাল স্কুল ক্রিকেট। এবারের আসরে পৃষ্ঠপোষকতায় রয়েছে প্রাইম ব্যাংক। গেল আসর থেকেই জাতীয় এই টুর্নামেন্টের পৃষ্ঠপোষকতা করছে এই ব্যাংকটি, দেশি ক্রিকেটের সমৃদ্ধ পাইপলাইন তৈরিতে ছয় বছরের জন্য বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) সঙ্গে চুক্তিবদ্ধ হয়েছে তারা। দেশের ৬৪টি জেলার ৫৪০টি স্কুলের প্রায় ১০ হাজার ৮০০ খুদে ক্রিকেটারের অংশগ্রহণে এ টুর্নামেন্টে মোট ম্যাচ হবে ৯৬৫টি। জেলা, বিভাগীয় ও জাতীয় পর্যায়– এ তিন ভাগে বিভক্ত টুর্নামেন্টের জেলা পর্যায়ে মোট ম্যাচসংখ্যা ৯০১। জেলা পর্যায়ের চ্যাম্পিয়ন দলগুলো খেলবে বিভাগীয় পর্যায়ে, এ পর্যায়ের ম্যাচসংখ্যা ৫৭। আর জাতীয় পর্যায়ে অনুষ্ঠিত হবে সাতটি ম্যাচ। এই সাত ম্যাচ শেষেই নির্ধারিত হবে ন্যাশনাল স্কুল ক্রিকেটের এবারের আসরের চ্যাম্পিয়ন। বুধবার মিরপুর শেরেবাংলা ন্যাশনাল ক্রিকেট স্টেডিয়ামের মিডিয়া সেন্টারে আয়োজিত সংবাদ সম্মেলনে প্রাইম ব্যাংক ইয়ং টাইগার্স ন্যাশনাল স্কুল ক্রিকেটের বিভিন্ন দিক তুলে ধরেন বিসিবির পরিচালক ও গেম ডেভেলপমেন্ট কমিটির চেয়ারম্যান খালেদ মাহমুদ সুজন এবং প্রাইম ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক আহমেদ কামাল খান চৌধুরী। বক্তব্যে খালেদ মাহমুদ সুজন বলেন, 'দেশের ক্রিকেটের সমৃদ্ধ পাইপলাইন তৈরিতে ভূমিকা রাখছে স্কুল ক্রিকেট। বাংলাদেশের বর্তমান বয়সভিত্তিক দলগুলোর বেশ কিছু ক্রিকেটার উঠে এসেছে স্কুল ক্রিকেট থেকে। এটা বিরাট একটা ব্যাপার। আমি আশা করি, আগামীতেও এই ধারা অব্যাহত থাকবে।'

আহমেদ কামাল খান চৌধুরী তার বক্তব্যে জানান, এ টুর্নামেন্ট থেকে বাছাইকৃত ক্রিকেটারদের নিয়ে গঠিত একটি দল আগামী এপ্রিলে ইন্টারন্যাশনাল স্কুল স্পোর্টস ফেডারেশন ও স্কুল গেমস ফেডারেশন অব ইন্ডিয়ার যৌথ উদ্যোগে আয়োজিত ওয়ার্ল্ড স্কুল চ্যাম্পিয়নশিপ খেলতে ভারত যাবে। মুম্বাইয়ে অনুষ্ঠিত সেই টুর্নামেন্টে বাংলাদেশ স্কুল দলের পৃষ্ঠপোষকতায়ও থাকবে প্রাইম ব্যাংক। এবারের আসরে সর্বোচ্চ ১২৪টি স্কুল অংশ নিচ্ছে ঢাকা বিভাগ থেকে। সাত বিভাগের পাশাপাশি ঢাকা মেট্রোর চ্যাম্পিয়ন দল অংশ নেবে জাতীয় চ্যাম্পিয়নশিপে'।